



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৬৪৭

তারিখঃ ০৫/১১/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি


বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সহকারী পরিচালকদের বুনিয়েদি প্রশিক্ষণ কর্মসূচি আজ সমাপ্ত হয় এবং প্রশিক্ষণ গ্রহনকারীদের মধ্যে সনদ বিতরণ করেন কমিশনের চেয়ারম্যান প্রফেসর ডঃ এম. খায়রুল হোসেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিশনার প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান ও জনাব মোঃ আঃ সালাম সিকদার।

তিন মাস ব্যাপি এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহন করেন বিএসইসির ২৬ জন সহকারী পরিচালক। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে কমিশনের আইন, বিধি, বিভিন্ন শাখার কার্যক্রম, ভবিষ্যত পরিকল্পনা ইত্যাদি ছাড়াও জেনারেল ফিন্যান্সিয়াল রুল, পাবলিক প্রকিউরমেন্ট বিধি ইত্যাদি সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। তাছাড়াও সহকারী পরিচালকরা ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিঃ পরিদর্শন করেন ও তাঁদের কর্মকান্ড পর্যবেক্ষন করেন।

প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী পরিচালকরা সততা, নিষ্ঠার সংগে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কমিশনের কাজে ব্যবহারে তাঁদের প্রত্যয় ঘোষণা করেন।

অনুষ্ঠানের সভাপতি বিএসইসির চেয়ারম্যান প্রফেসর ডঃ এম. খায়রুল হোসেন তার বক্তব্যে সহকারী পরিচালকদের তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ এবং কাজের মাধ্যমে তাঁদের উৎকর্ষতা বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। তিনি বলেন, পূঁজিবাজারে গত কয়েক বৎসরে ব্যাপক সংস্কার সাধন করা হয়েছে। বাজারের স্থিতিশীলতা এবং গভীরত্ব বৃদ্ধির জন্য এই সংস্কার খুবই গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন যে, এই সংস্কার সাধনের মাধ্যমে বিএসইসি আন্তর্জাতিক অংগনের দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হয়েছে। তিনি সহকারী পরিচালকদের সততা, নিষ্ঠা এবং দেশসেবার মনোভাব নিয়ে কাজ করার পরামর্শ দেন এবং কর্মক্ষেত্রে তাঁদের সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন।




মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র